

বিজ্ঞপ্তি নং- বিজিএ/সিএমসি/২০২২/২৭০

তারিখঃ ২৮ নভেম্বর, ২০২২

সকল সম্মানিত সদস্যের জন্য

বিজিএমইএ-এর সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রপ্তানীমুখী তৈরী পোশাক শিল্পের আমদানী ও রপ্তানীর মালামাল ঢাকা-চট্টগ্রাম হাইওয়েতে এক শ্রেণীর সংঘবদ্ধ চক্র কাভার্ডভ্যান ড্রাইভারের সাথে যোগসাজসে সুনিপুনভাবে কার্টুন থেকে কিছু মালামাল বের করে তার পরিবর্তে জুট বা এসংক্রান্ত কিছু দিয়ে ওজন সমান রেখে কন্টেইনার ডিপোতে হস্তান্তর করছে। পরবর্তীতে ১/২ মাস পর বায়ার কর্তৃক ক্লেইম আসছে। হাইওয়েতে আমদানী-রপ্তানী মালামাল পরিবহনে যে কোন ধরনের চুরি, ডাকাতি রোধ কল্পে বিজিএমইএ থেকে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, আইন-শৃঙ্খলা বাহিনী, ট্রাক-কাভার্ডভ্যান, লরী, মালিক সমিতির সাথে নিরলসভাবে কাজ করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় কারখানা কর্তৃপক্ষের জন্য কতিপয় নির্দেশনা অনুসরণ করার নিমিত্তে নিম্নে উপস্থাপন করা হলো-

- মালামাল কাভার্ডভ্যানে লোড করার পূর্বে কাভার্ডভ্যান চালকের ড্রাইভিং লাইসেন্স, জাতীয় পরিচয় পত্র, মোবাইল নাম্বার, বর্তমান ঠিকানা এবং ড্রাইভারের ছবি সংরক্ষণ করতে হবে।
- গাড়ীর বৈধ কাগজ পত্র যেমন-ফিটনেস, ব্লু-বুক, ইন্স্যুরেন্স গাড়ীর নাম্বারের সাথে মিলিয়ে সংরক্ষণ করতে হবে।
- বায়ার কর্তৃক অনুমোদিত মনোগ্রামযুক্ত টেপ দিয়ে কার্টুন প্যাকিং করতে হবে।
- কারখানা কর্তৃপক্ষ ও কাভার্ডভ্যান সরবরাহকারী প্রতিষ্ঠানের মধ্যে সুনির্দিষ্ট দায়দায়িত্ব উল্লেখ পূর্বক স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী কাভার্ডভ্যান সংগ্রহ করতে হবে। নিজস্ব কাভার্ডভ্যান অথবা দায়দায়িত্ব অর্পণ করা যায় এই রকম কাভার্ডভ্যানে মালামাল পরিবহন করা যাবে। কোন ভাবেই অপরিচিত, লাইন থেকে হঠাৎ করে রেফারেন্স ছাড়া কোন কাভার্ডভ্যানে মালামাল পরিবহন করতে নিষেধ করা যাচ্ছে।
- কন্টেইনার ডিপোতে মালামাল বুঝে নেওয়ার পূর্বে কার্টুন, টেপ, ওজন ইত্যাদি পুঙ্খানুপুঙ্খরূপে চেক করে নিতে হবে। যদি কোন ধরনের সন্দেহ হয় সাথে সাথে ড্রাইভার, হেলপারকে আটক করে স্থানীয় থানা অথবা বিজিএমইএ কে জানাতে হবে।
- প্রতিটি কাভার্ডভ্যানে ট্রেকিং ডিভাইস (জিপিআরএস) থাকতে হবে।
- কাভার্ডভ্যানের বেক ডালায় আড়াআড়ি ভাবে সিকিউরিটি টেপ লাগানো যেতে পারে। চট্টগ্রামে সিএনএফ কে হস্তান্তর করার পূর্বে তা ঠিক আছে কি না দেখে/বুঝে নিবে।
- গাড়ীর ডকুমেন্টের সাথে গাড়ীর নাম্বার, ইঞ্জিন নাম্বার, চেসিস নাম্বার মিলিয়ে দেখতে হবে।
- অধিকাংশ সময় আধুনিক সীলযুক্ত কাভার্ডভ্যানের লক ঠিক রেখে দরজার স্ক্রু খুলে মালামাল চুরি করে। সেই লক্ষ্যে কাভার্ডভ্যানের দরজার স্ক্রু যাতে খুলা না যায় সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

কারখানার আমদানী ও রপ্তানী পন্য পরিবহনে চুরি-ডাকাতিরোধ কল্পে উপরোল্লিখিত নির্দেশনাসমূহ অনুসরণ পূর্বক মালামাল পরিবহনের জন্য কারখানা কর্তৃপক্ষকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

ধন্যবাদান্তে,



ফারুক হাসান

সভাপতি

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •